পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/এইচএসসি/সাধারণ যোগাযোগ/২০১৭/১৬০১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা-২০২৫ এর পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা-২০২৫ আগামী ০৪/০৭/২০২৫ খ্রিঃ তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ইতোমধ্যে আপনার বরারব প্রেরণ করা হয়েছে।

বাউবি'র একাডেমিক কাউন্সিলের ৫৬তম সভার সুপারিশ এবং বোর্ড অব গভর্নর্স এর ১৪৭তম সভায় অনুমোদিত **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচ.এস.সি পরীক্ষা পরিচালনা, পরীক্ষা কেন্দ্র নির্বাচন ও পরীক্ষা পরিদর্শন সংক্রান্ত নীতিমালা"** এবং প্রশাসন বিভাগের স্মারক নং বাউবি/প্রশা(সাধা)/একা-সিদ্ধান্ত-৬১(১)/৯৯/পার্ট-০৩ ক/২১৪(১) তারিখ ১৬/০১/২০২৩ প্রজ্ঞাপন অনুযায়ী সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল পরীক্ষা কেন্দ্রের জন্য **"এইচ.এস.সি পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি-২০২৫"** গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

২। বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি ও তার দায়িত্বঃ

ক) "এইচ.এস.সি পরীক্ষা-২০২৫ এর পরীক্ষা কেন্দ্র পরিচালকনা কমিটি" গঠন নিম্নরূপ ঃ

| | | | |
|---|---|---|---|
| (i) | সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ এবং বেসরকারি কলেজের ক্ষেত্রে জেলা সদরে জেলা প্রশাসক বা তাঁর মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (সরকারি কলেজের ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটির সভাপতি উক্ত কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তারও দায়িত্ব পালন করবেন)। | ১ জন | সভাপতি |
| (ii) | অধ্যক্ষ/সমন্বয়কারী | ১ জন/ | ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| | সরকারি কলেজের ক্ষেত্রে জেলা সদরে জেলা প্রশাসকের প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়) এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তাঁর মনোনীত প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়)। | ১ জন | সদস্য |
| (iii) | বাউবি'র আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য আঞ্চলিক পরিচালক বা তাঁর মনোনীত প্রতিনিধি হিসাবে যুগ্ম-পরিচালক/সমমান, উপ-পরিচালক/সমমান, সহকারী পরিচালক/সমমান। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ৩ঃ২ঃ১ অনুপাতে পরীক্ষা কমিটিতে অন্তর্ভূক্ত থাকবেন।<br>উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। | ১ জন | সদস্য |
| (iv) | ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত সিনিয়র টিউটর | ২ জন | সদস্য |
| | মোট = | ৫ জন | |

খ) কোন প্রতিষ্ঠানের অধ্যক্ষ যদি এইচ.এস.সি প্রোগ্রামের সমন্বয়কারী না হয়েও পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তা হতে চান সেক্ষেত্রে সমন্বয়কারীকে টিউটর ক্যাটাগীর ০২ জন সদস্যের ০১ জন হিসেবে কমিটিতে অন্তর্ভূক্ত করা যাবে ;

গ) পরীক্ষা আরম্ভ হওয়ার কমপক্ষে ১০ (দশ) দিন পূর্বে ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষা পরিচালনা কমিটির সভা আহবান করবেন এবং পরীক্ষা পরিচালনা সম্পর্কে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করবেন।

৩। পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন এবং পরীক্ষা সংক্রান্ত দাপ্তরিক কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে নিম্নেবর্ণিত বিষয়গুলো অনুসরণীয় ঃ

ক. টিউটর নয় এমন শিক্ষককে পরীক্ষা কমিটিতে থাকতে পারবে না ;

খ. পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠনের ক্ষেত্রে প্রতিবার একই শিক্ষককে কমিটিতে অন্তর্ভূক্ত না করে পর্যায়ক্রমে সৎ, নিষ্ঠাবান ও দায়িত্বশীল টিউটরদের সদস্য হিসেবে কমিটিতে রাখা হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানানো হল ;

গ. পরীক্ষার দিন সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে কক্ষ পরিদর্শকের দায়িত্ব প্রদান করা যাবে না ;

ঘ. কোনো পরীক্ষার্থী নকল, মোবাইল ফোন, ব্যাগ ইত্যাদি নিয়ে যেন পরীক্ষার হলে ঢুকতে না পারে পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে ;

ঙ. প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রতি পরীক্ষার দিনে অন্তত: ১ জন ম্যাজিস্ট্রেট এর উপস্থিতির বিষয়টি সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ নিশ্চিত করবেন এবং তাঁদের সম্মানী প্রদানের বিষয়টিও দ্রুততার সাথে সম্পন্ন করবেন ;

চ. পরীক্ষার কাজে ৩য় ও ৪র্থ শ্রেণীর একই কর্মচারীকে প্রতিবছর সম্পৃক্ত করা যাবে না।

৪। এছাড়াও এইচ.এস.সি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত ক) পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি ও তাঁর দায়িত্ব খ) ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য গ) পরীক্ষা কক্ষের ব্যবস্থাপনা ঘ) ইনভিজিলেটর বা কক্ষ পরিদর্শকের দায়িত্ব ও কর্তব্য ঙ) পরীক্ষা কেন্দ্রে বিশেষ পরিদর্শক নিয়োগ এবং তাঁদের দায়িত্ব ও কর্তব্য চ) পরীক্ষা কেন্দ্রে বহিঃ পরিদর্শক নিয়োগ এবং তাদের দায়িত্ব ও কর্তব্য ছ) পরীক্ষা কেন্দ্রের আইন শৃংখলা ও নিরাপত্তা জ) পরীক্ষা সংক্রান্ত অপরাধ ও শাস্তিমূলক ব্যবস্থা ঝ) কারাবন্দি শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণ ঞ) শ্রুতি লেখক নিয়োগ ট) সেভেন্থ-ডে এ্যাডভেন্টিস্ট খ্রীষ্টীয়ান সম্প্রদায়ের পরীক্ষা গ্রহণ এবং ঠ) পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট উত্তরপত্র ও অন্যান্য কাগজপত্র প্রেরণসহ সংশ্লিষ্ট বিষয়ে সম্পৃক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অবহিতকরণসহ তা যথাযথভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

৫। উল্লিখিত শর্তগুলো কোন ধরণের ব্যত্যয় ছাড়া আপনার আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রের জন্য গঠিত কেন্দ্র পরিচালনা কমিটির তালিকা একত্রিত করে পরীক্ষা আরম্ভ হওয়ার ০৭ (সাত) দিন পূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

18/05/2025

মোঃ হাবিবুল্যাহ মাহমুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং........2687
তারিখঃ........27/5/25
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
সহঃসিঃ প্রোগ্রামার/ASANA
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সহঃ পরিচালক/সহকারী প্রোগ্রামার/AHME

অবগতি ও কার্যার্থে অনুলিপি : (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক (সকল)।
২। ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৪। পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।
৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা।
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা-২০২৫, পরীক্ষা কেন্দ্র (সকল), বাউবি।
৭। যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৮। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। একান্ত সচিব, উপ-উপাচার্যের দপ্তর (শিক্ষা), বাউবি [মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) এর সদয় অবগতির জন্য]।
১০। সংরক্ষণ নথি।


Phone : 9669110৪. E_mail: controller@bou.ac.bd